

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

সার্কুলার- ২/২০১৮-১৯

তারিখ : ১১ - ১২ - ২০১৮

কনভেনর প্রাইমারী ইউনিট, / সম্পাদক জেলা কমিটি

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

সকলের অবগতির জন্য জানাই যে নভেম্বর মাসের ২৩, ২৪ ও ২৫ তারিখে তামিলনাড়ুর কন্যাকুমারীতে AIFUCTO র Academic Conference ও বার্ষিক সাধারণ সভা সফল ভাবে অনুষ্ঠিত হয়। উচ্চশিক্ষা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বার্ষিক সাধারণ সভায় বিস্তারিত আলোচনা হয়। সপ্তম বেতনক্রমের সুপারিশ যে সব রাজ্যে এখনো লাগু করা হয় নি সেখানে রাজ্য সংগঠনগুলিকে অবিলম্বে কর্মসূচী গ্রহণ করতে বলা হয়েছে। আর্থিক ও চুক্তিভিত্তিক শিক্ষকদের সমস্যাগুলি নিয়ে অবিলম্বে কর্মসূচী গ্রহণ করার সিদ্ধান্ত হয়েছে। শিক্ষাক্ষেত্রে অভূতপূর্ব আক্রমণ নেমে এসেছে সর্বস্তরে। এর প্রতিবাদে আগামী ১৯ ফেব্রুয়ারী, ২০১৯, দিল্লীতে সর্বস্তরের শিক্ষক, শিক্ষাকর্মী, ছাত্রদের একটি সুবিশাল মিছিলের আয়োজন করা হয়েছে। এই মিছিলে অধ্যাপক/অধ্যাপিকাদের যোগাদান করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

অধ্যাপক সমিতির ৯২তম বার্ষিক সাধারণ সভার পর নবগঠিত রাজ্য কমিটির পদাধিকারীগণ গত ৩ ডিসেম্বর মাননীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করে শিক্ষা ও শিক্ষকদের নিম্নলিখিত সমস্যাগুলি নিয়ে আলোচনা করেন :

(১) সপ্তম বেতন কমিশনের সুপারিশগুলি অতি দ্রুত লাগু করার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করা হয়েছে। শিক্ষামন্ত্রী জানান শিক্ষা দপ্তরের করণীয় যাবতীয় কাজকর্ম সম্পন্ন করে তা অর্থ দপ্তরে পাঠানো হয়েছে। অর্থ দপ্তরের অনুমোদন না এলে এটি লাগু করা সম্ভব নয়।

(২) ষষ্ঠ বেতন কমিশনের প্রাপ্য বকেয়ার শেষ কিস্তি প্রদানের বিষয়টি সমিতির নেতৃত্ব পুনরায় উত্থাপন করেন। এই বকেয়া অবিলম্বে প্রদানের ব্যাপারে মাননীয় মন্ত্রী নজর দেবেন বলে জানান।

(৩) আর্থিক ও চুক্তিভিত্তিক শিক্ষকদের নির্দিষ্ট বেতনক্রম ও নির্দিষ্ট Service Condition এর দাবী মন্ত্রীকে আবারও জানানো হয়। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে CWTT এবং PTT বন্ধুদের পেশাগত বিষয়ে দুটি পৃথক মামলা সমিতির উদ্যোগে ইতিমধ্যে দায়ের করা হয়েছে।

(৪) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে CBCS চালু হবার পর পঠন-পাঠন, উপস্থিতি ও পরীক্ষা সংক্রান্ত যে সব সমস্যা তৈরী হচ্ছে সে বিষয়ে সমিতির নেতৃত্ব বিস্তারিত ভাবে মাননীয় মন্ত্রীকে অবগত করেন ও আপাতত CBCS প্রত্যাহারের দাবী করেন।

(৫) শিক্ষকদের CAS সংক্রান্ত নথি কলেজ থেকে পাঠানোর পর বিকাশ ভবনে দীর্ঘদিন ধরে পড়ে থাকছে এবং শিক্ষকরা বঞ্চনার শিকার হচ্ছেন এটি জানানোর পর মন্ত্রী এ বিষয়ে তথ্য চেয়েছেন। প্রতিটি Primary Unit এর কনভেনরদের অনুরোধ করা হচ্ছে নিজ নিজ কলেজের এ সংক্রান্ত তথ্য ১৫ দিনের মধ্যে সমিতির দপ্তরে জমা দেওয়ার জন্য।

(৬) এখনও যে সমস্ত শিক্ষক CPF আওতাভুক্ত তাদের GPF এর আওতাভুক্ত করার জন্য আর একবার option দেওয়ার সুযোগ দিতে অনুরোধ করা হয় মাননীয় শিক্ষামন্ত্রীকে।

(৭) Pension Revision এর দাবীটি সমিতির নেতৃত্ব আবারও মন্ত্রীকে জানান। মন্ত্রী বলেন যে নতুন বেতনক্রম লাগু না হলে এটি করা সম্ভব হচ্ছে না।

(৮) গত ৮ ডিসেম্বর, ২০১৮ অধ্যাপক সমিতির কার্যকরী সমিতির সভায় নিম্নলিখিত সাব-কমিটিগুলি গঠন করা হয়েছে। (১) ফিন্যান্স কমিটি (২) অফিস টিম (৩) আইনি সহায়তা কমিটি (৪) বুলেটিন , জার্নাল ও পাবলিকেশন কমিটি (৫) বিল্ডিং কমিটি ও (৬) মিডিয়া কমিটি।


গত ৮ ডিসেম্বরের কর্মসমিতির সভায় স্থির হয়েছে সমিতির রাজ্য নেতৃত্ব প্রতিটি জেলার অধ্যাপক বন্ধুদের সঙ্গে যৌথ সভায় মিলিত হবেন। এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করার জন্য জেলা নেতৃত্বকে অনুরোধ করা হচ্ছে। যে সব জেলায় জেলা কমিটি নির্বাচন এখনো হয়নি সেই সমস্ত জেলা কমিটিকে দ্রুত জেলা কমিটির নির্বাচন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

সপ্তম বেতন কমিশনের সুপারিশ অবিলম্বে লাগু করা এবং অন্যান্য পেশাগত দাবীদাওয়া নিয়ে আন্দোলনের প্রাথমিক পদক্ষেপ হিসেবে নব নির্বাচিত কর্মসমিতি রাজ্যজুড়ে একটি দাবী দিবস পালনের কর্মসূচী নিয়েছে। এই প্রস্তাবিত দাবী দিবসের তারিখ ও অন্যান্য বিষয়ে খুব শীঘ্রই সদস্য বন্ধুদের অবহিত করা হবে।

AIFUCTO-র বার্ষিক সাধারণ সভায় আগামী ৮-৯ জানুয়ারী সাধারণ ধর্মঘটকে সমর্থন জানানোর বিষয়টি গৃহীত হয়। WBCUTA কর্মসমিতির ৮ই ডিসেম্বরের সভাতেও সর্বসম্মতিক্রমে বিষয়টিকে সমর্থন করা হয়।

আগামী ১৯ ফেব্রুয়ারী শিক্ষাক্ষেত্রে সার্বিক আক্রমণের বিরুদ্ধে দিল্লীর রামলীলা ময়দান থেকে পার্লামেন্ট স্ট্রীট পর্যন্ত সমস্ত স্তরের শিক্ষক, শিক্ষাকর্মী ও ছাত্রছাত্রীদের একটি মিছিল ও মিছিল শেষে একটি সভা আহ্বান করা হয়েছে। AIFUCTO, FEDCUTA, DUTA ছাড়াও দেশের বিভিন্ন শিক্ষক ও শিক্ষার সাথে যুক্ত সংগঠন এই মিছিল ও সভায় যোগ দেবার সিদ্ধান্ত নিয়েছে। প্রত্যেকটি Primary Unit থেকে কমপক্ষে ২জন অধ্যাপক/অধ্যাপিকাকে দিল্লীর ঐ কর্মসূচীতে যোগদান করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

ধন্যবাদান্তে --



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪